কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.২৮৭** **তারিখ :** ২০ জ্যেষ্ঠ ১৪২৫ / ০৩ জুন ২০১৮

**বিষয় : জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৬তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

জাতীয় বীজ বোর্ডের সভাপতি ও সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্ মহোদয়ের সভাপতিত্বে ৩০-০৫-২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৬তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :** ক) ৯৬তম সভার কার্যবিবরণী (**মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে**)।
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।

০৩.০৬.১৮

(মো: আজিম উদ্দিন)
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন/ফ্যাক্স : ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৩. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৪. অতিরিক্ত সচিব, (ব্যয় নিয়ন্ত্রণ-২), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
৫. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা;
৬. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৭. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৮. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
৯. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
১০. মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা-৬৬২০;
১১. মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯;
১২. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৩. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১৪. পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫. পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৬. ড. মো: আবুল হোসেন, প্রফেসর, সীড সাইন্স এন্ড টেকনোলজি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২;
১৭. জনাব মো: নুরুজ্জামান, ৩২ লেক সার্কাস, ফ্ল্যাট ক্লাউডিয়াস বি-৪, এনা কিংডম, কলাবাগান, ঢাকা-১২০৫, বীজ বিশেষজ্ঞ;
১৮. কৃষিবিদ জনাব মো: মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি, বাড়ী নং-১০, সেক্টর-১৩, গরীবে নেওয়াজ এভিনিউ, উত্তরা, ঢাকা;
১৯. জনাব আলহাজ্ব মো: মোতাহার হোসেন মোল্লা, কাপাসিয়া, গাজীপুর, কৃষক প্রতিনিধি;
২০. জনাব তালুকদার মো: ইউনুস, বড় কসবা, টরকী বন্দর, মিউনিসিপ্যালিটি, আগৈলঝারা, কৃষক প্রতিনিধি;
২১. ড. মো: নজমুল হুদা, সভাপতি, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি, বশেমুরকৃবি, গাজীপুর;
২২. ড. মো: খায়রুল বাশার, সভাপতি বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি, বশেমুরকৃবি, গাজীপুর;
২৩ জনাব এম আনিস উদ দৌলা, সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫ সিদ্দিক বাজার, ঢাকা ও চেয়ারম্যান, এসিআই লি:;

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (**কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**);
০৫। অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। মহাপরিচালক, বীজ অনুবিভাগ ও সচিব, জাতীয় বীজ বোর্ড মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
০৭। অফিস কপি/মাস্টার ফাইল।

E:\NSB Note, Letter & Minutes (2016-17)\Meeting Minutes letter-18.docx

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moa.gov.bd

**কৃষিই সমৃদ্ধি**

## জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৬তম সভার কার্যবিবরণী

**সভাপতি** : মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্, সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়
**সভার তারিখ** : ৩০মে ২০১৮
**সময়** : সকাল ১১.০০টা
**স্থান** : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
**উপস্থিতি** : পরিশিষ্ট-'ক'

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং প্রধান বীজতত্ত্ববিদ, জনাব মো: আজিম উদ্দিনকে ৯৬তম সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানান। প্রধান বীজতত্ত্ববিদ সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১। জাতীয় বীজ বোর্ডের ৯৫তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

**আলোচনা :** জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ৯৫তম সভা ১৫/০২/২০১৮ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ১৯/০২/২০১৮ তারিখে ১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.৯৯ নম্বর স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যের নিকট পাঠানো হয়। অদ্যাবধি এ ব্যাপারে কোনো মতামত পাওয়া যায়নি বিধায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।

**সিদ্ধান্ত :** জাতীয় বীজ বোর্ডের ৯৫তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য বিষয় ২। পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| **(১)"বাংলাদেশ প্লান্ট জেনেটিক রিসোর্সেস ইনস্টিটিউট আইন-২০১৮" এর খসড়া** | "বাংলাদেশ প্লান্ট জেনেটিক রিসোর্সেস ইনস্টিটিউট আইন-২০১৮" এর খসড়ার ওপর বেসরকারি সেক্টর ও সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়ের মতামত জানার জন্য ১৪ মার্চ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে; সভায় প্রাপ্ত মতামত সংযোজন বিয়োজন করে মতামতের জন্য অংশীজনদের নিকট প্রেরণ করা হয়েছে। | আইনটির বিষয়ে নিয়মমাফিক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে; এ বিষয়ে জাতীয় বীজ বোর্ডে উপস্থাপনের প্রয়োজন নেই। |
| **(২) পাট বীজ আমদানির পরিমাণ নির্ধারণ।** | জাতীয় বীজ বোর্ডের ৯৫ তম সভায় বেসরকারি পর্যায়ে ভারত হতে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যায়িত মানের ৫,১০০ মে.টন তোষা পাট বীজ এবং ১,২০০ মে.টন মেস্তা/কেনাফ বীজ আমদানির অনুমোদন দেয়া হয়েছিল। উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই কর্তৃক আইপি ইস্যুর পরিপ্রেক্ষিতে ৪,১০২ মে.টন তোষা পাট বীজ এবং ৯০৯ মে.টন মেস্তা/কেনাফ পাট বীজ আমদানি করা হয়েছে । | আগামী বছরে ডিএইকে পাটবীজ আমদানির জন্য সুস্পস্টভাবে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে এবং আমদানির তথ্যটি আগামী বছরে পাটবীজ আমদানি সংক্রান্ত সভায় উপস্থাপন করতে হবে। |

**আলোচ্য বিষয় ৩। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ধানের ১টি কৌলিক সারি BR (Bio) 9786-BC2-132-1-3আমন মৌসুমে ব্রি ধান-৮৭ হিসেবে ছাড়করণ।**

**আলোচনা:** প্রস্তাবিত জাতটি ব্রি ধান-২৯ এর সাথে *Oryza Rufipogon* এর সংকরায়নের মাধ্যমে উদ্ভাবিত। জাতটি সহজে ঢলে পড়ে না, দানা লম্বা ও চিকন। জাতটির গড় জীবনকাল ১২৭দিন। জাতটির গড় ফলন ৫.৫ মে.টন/হেক্টর এবং চেক জাত ব্রি ধান-৪৯-এর ফলন ৪.৬ মে.টন। উপযুক্ত পরিবেশ পেলে জাতটি ৬.৫ মে.টন ফলন দিতে সক্ষম। প্রস্তাবিত জাতটি আমন মৌসুমের জনপ্রিয় জাত ব্রি ধান-৪৯ এর চেয়ে গড়ে হেক্টর প্রতি ০.৯ মে.টন ফলন বেশি এবং জীবনকাল ৭দিন কম। প্রস্তাবিত জাতটি ২০১৭-১৮ আমন মৌসুমে ৬টি অঞ্চলের ৯টি স্থানে ট্রায়াল সম্পন্ন করা হয়েছে। মাঠ মূল্যায়ন দল ৯টি স্থানেই জাতটি ছাড়করণের পক্ষে মতামত প্রদান করেছে। জাতটির দুই বছর ডিইউএস পরীক্ষায় চেক জাত ব্রি ধান-৩৯ থেকে ৭টি ভিন্ন বৈশিষ্ট্য পাওয়া গেছে।

প্রস্তাবিত BR(Bio)9786-BC2-132-1-3 কৌলিক সারিটি আমন মৌসুমে ব্রি ধান-৮৭ হিসেবে সারা দেশে চাষাবাদের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।

**সিদ্ধান্ত :** কারিগরি কমিটির সুপারিশকৃত কৌলিক সারিটি ব্রি ধান-৮৭ হিসাবে সারাদেশে ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

**আলোচ্য বিষয় ৪। আউশ মৌসুমের জন্য গোল্ডেন বার্ন কিংডম প্রা: লি: এর ১টি হাইব্রিড ধানের জাত নিবন্ধন।**

**আলোচনা:** প্রস্তাবিত আউশ মৌসুমের JD-013 হাইব্রিড জাতটি চীনের China National Seed Group Company Limited (CNSGC) থেকে আমদানীকৃত। জাতটির চাল সরু, গড় জীবনকাল ১১৩ দিন এবং গড় ফলন ৪.৯ মে.টন/হেক্টর। চেকজাত ব্রি ধান-৪৮ এর গড় জীবনকাল ১১৫ দিন এবং গড় ফলন ৪.২ মে.টন/হেক্টর। বর্তমানে আউশের কোনো হাইব্রিড জাত না থাকায়, গোল্ডেন বার্ন কিংডম প্রা: লি: এর JD-013 হাইব্রিড জাতটি জিবিকে হাইব্রিড ধান-২ (JD-013) হিসেবে বরিশাল, খুলনা ও চট্টগ্রাম এই ৩টি অঞ্চলে আউশ মৌসুমে চাষাবাদের জন্য সাময়িকভাবে ও শর্তসাপেক্ষে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।

এ বিষয়ে চেয়ারম্যান, বিএডিসি সভাকে জানান যে, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের উদ্ভাবিত ব্রি ধান-৪৮ এর গড় ফলন আউশ মৌসুমে ৫.৫ মে.টন/হেক্টর এবং জীবনকাল ১১০ দিন। কিন্তু বীজ প্রত্যয়ন এজেন্সী'র ট্রায়ালে গড়ফলন ৪.২ মে.টন/হেক্টর এবং গড় জীবনকাল ১১৫ দিন। বিষয়টি অযৌক্তিক হওয়ায় অধিকতর যাচাই করা প্রয়োজন।

**সিদ্ধান্ত :** ১। বীজ প্রত্যয়ন এজেন্সী'কে আগামী দুই মাসের মধ্যে তাদের ট্রায়ালে ব্রি ধান-৪৮ এর গড় ফলন এবং জীবনকালের তারতম্যের বিষয়ে যৌক্তিকতা উল্লেখপূর্বক পুনঃপ্রস্তাব প্রেরণ করতে হবে। উক্ত প্রস্তাব জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

২। বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রস্তাবটি বীজ বোর্ডের সভায় অনুমোদিত না হলে আউশ মৌসুমের JD-013 হাইব্রিড জাতটির ট্রায়ালের জন্য প্রাকৃতিক দুর্যোগপ্রবন এলাকা বাদ দিয়ে নিরাপদ স্থানে চেকজাত ব্রি ধান-৪৮ এর সাথে একটি অঞ্চলে ট্রায়াল করে ফলাফল উপস্থাপন করতে হবে।

**আলোচ্য বিষয় ৫। কারিগরি কমিটির আঞ্চলিক মাঠ মূল্যায়ন দল পুনর্গঠন।**

**আলোচনা:** আঞ্চলিক মাঠ মূল্যায়ন দল পুনর্গঠন করার জন্য কারিগরি কমিটি প্রস্তাব প্রেরণ করেছে। বর্তমান কমিটিতে দলনেতা অতিরিক্ত পরিচালক, ডিএই এবং সদস্য সচিব, আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার। প্রস্তাবিত কমিটিতে আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসারকে সভাপতি এবং জেলা বীজ প্রত্যয়ন অফিসারকে সদস্য সচিব করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত :** ১। আঞ্চলিক মাঠ মূল্যায়ন দলের কার্যক্রম পরিচালনার জন্য বর্তমান কমিটিই প্রাসঙ্গিক ও যৌক্তিক বিধায়, বর্তমান কমিটির মাধ্যমে কার্যক্রম পরিচালনা করতে হবে।

২। মাঠ মূল্যায়নের জন্য নির্ধারিত তারিখে কমিটির দলনেতা সংশ্লিষ্ট অঞ্চলের অতিরিক্ত পরিচালক, ডিএই-কে মূল্যায়ন কার্যক্রমে স্বয়ং উপস্থিত থাকতে হবে। উক্ত তারিখে অন্য কোনো সভা থাকলে সেখানে পরবর্তী জ্যৈষ্ঠ কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে পাঠাতে হবে।

আলোচ্য বিষয় ৬। বিবিধ আলোচনা।

**(১) আমন হাইব্রিড ধানের চেক জাত নির্ধারণ।**

**আলোচনা:** হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ নীতি অনুযায়ী প্রস্তাবিত হাইব্রিড জাত মূল্যায়ন কর্মসূচীতে দেশিয়ভাবে উদ্ভাবিত ফসলের একটি হাইব্রিড এবং কমপক্ষে একটি ইনব্রিড জাত ষ্ট্যান্ডার্ড চেক হিসেবে গ্রহণ করে ডিজাইন করার বিষয়ে উল্লেখ করা হয়েছে। আমন মৌসুমে সারা দেশে চাষাবাদের জন্য নিবন্ধিত কোন হাইব্রিড ধানের জাত নেই, যাকে ষ্ট্যান্ডার্ড চেক জাত হিসেবে বিবেচনা করা যায়। তাই কারিগরি কমিটি হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ পদ্ধতি অনুযায়ী প্রস্তাবিত হাইব্রিড জাত মূল্যায়ন কর্মসূচীতে সাময়িকভাবে দেশিয়ভাবে উদ্ভাবিত ব্রি হাইব্রিড ধান-৬ এবং কমপক্ষে একটি ইনব্রিড জাত স্ট্যান্ডার্ড চেক হিসেবে ব্যবহার করে ডিজাইন করার জন্য সুপারিশ করেছে।

**সিদ্ধান্ত :** কারিগরি কমিটির সুপারিশ অনুযায়ী আমন হাইব্রিড জাত মূল্যায়ন কর্মসূচীতে সাময়িকভাবে দেশিয়ভাবে উদ্ভাবিত ব্রি হাইব্রিড ধান-৬ এবং একটি ইনব্রিড জাত চেক হিসেবে ব্যবহার করার অনুমোদন দেয়া হলো।

**(২) $F_1$হাইব্রিড ধান বীজ উৎপাদনের স্বার্থে Parent Line আমদানি প্রসঙ্গে।**

**আলোচনা:** স্থানীয়ভাবে $F_1$হাইব্রিড ধানবীজ উৎপাদনের জন্য Parent Line আমদানির শর্তে বলা হয়েছে ৬ষ্ঠ বছরের পর কোন $F_1$বীজ আমদানি করা যাবে না। শুধু Parent Line আমদানি করা যাবে। কিন্তু বাস্তবতা হল চীন সরকার শুধু Parent Line বীজ রপ্তানির অনুমতি দেয় না। এমতাবস্থায় ২০১৮-১৯ সালে $F_1$আমদানির সুযোগ না থাকায় অনেক কোম্পানির পক্ষে Parent Line নিয়ে আসা সম্ভব হবে না। তাই স্থানীয়ভাবে বীজ উৎপাদক কোম্পানীগুলিকে রেজিষ্ট্রেশনের ৬ষ্ঠ বছর অতিক্রান্ত হওয়ার পরও ১৫টন $F_1$ বীজ আমদানির অনুমতি প্রদানের জন্য কারিগরি কমিটি হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ পদ্ধতি সংশোধন সাপেক্ষে ১৫ মে.টন $F_1$ বীজ আমদানির অনুমতি দেয়ার সুপারিশ করেছে।

**সিদ্ধান্ত :** কারিগরি কমিটির প্রস্তাব অনুযায়ী বিভিন্ন প্রতিষ্ঠানকে তাদের অনুকূলে নিবন্ধিত হাইব্রিড ধানের জাতের ৬ষ্ঠ বছর অতিক্রান্ত হওয়ার পর শুধুমাত্র পরবর্তী এক বছরের জন্য ১৫ মে. টন $F_1$ হাইব্রিড ধানবীজ আমদানির অনুমোদন দেয়া হলো। তবে শর্ত থাকে যে, পরবর্তীতে আমদানি করতে হলে প্রতিষ্ঠানগুলোকে তাদের নিজস্ব উদ্ভাবিত প্যারেন্ট লাইন বীজ উৎপাদনের অগ্রগতির তথ্য মন্ত্রণালয়কে জানাতে হবে।

**(৩) বীজ আলুর শ্রেণিবিন্যাস এবং আলুর টিস্যুকালচার ল্যাব প্রতিষ্ঠার জন্য গাইডলাইন অনুমোদন।**

**আলোচনা :** আলু বীজের শ্রেণির সমন্বয় এবং টিস্যুকালচারের মাধ্যমে উৎপাদিত বীজের শ্রেণিবিন্যাস সুস্পষ্টিকরণ এর লক্ষ্যে সদস্য পরিচালক (শস্য), বিএআরসি-কে আহ্বায়ক করে ১০ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটি তিনটি সভায় মিলিত হয়ে উক্ত বিষয়ে একটি সুপারিশ প্রণয়ন করে। সুপারিশটি কারিগরি কমিটির সভায় পর্যালোচনা করা হয় এবং কারিগরি কমিটি বীজ আলুর শ্রেণি বিন্যাসে অনুমোদনের বিষয়ে সুপারিশ প্রেরণ করেছে।

**সুপারিশ :** ১) টিস্যু কালচার পদ্ধতিতে আলু বীজ উৎপাদনের ক্ষেত্রে আলুর প্রজনন বীজ কন্দাল গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর অথবা অন্য কোন আলু জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠান হতে সংগ্রহ করতে হবে।

২) টিস্যু কালচার পদ্ধতিতে উৎপাদিত বীজ আলুর শ্রেণীবিন্যাস নিম্নরূপ:

(ক) প্ল্যান্টলেট/মাইক্রোটিউবার;
(খ) মিনিটিউবার;
(গ) প্রাক ভিত্তি বীজ;
(ঘ) ভিত্তি বীজ;
(ঙ) প্রত্যায়িত বীজ এবং
(চ) মানঘোষিত বীজ।

৩) বীজ আলুর শ্রেণিবিন্যাস অনুযায়ী ট্যাগ কার্ডের রং

| | |
|---|---|
| (ক) প্রজনন বীজ | - সবুজ; |
| (খ) প্রাক ভিত্তি বীজ | - সাদা; |
| (গ) ভিত্তি বীজ | - সাদা; |
| (ঘ) প্রত্যায়িত বীজ | - নীল এবং |
| (ঙ) মানঘোষিত বীজ | - হলুদ |

উল্লেখ্য যে, প্ল্যান্টলেট/মাইক্রোটিউবার ও মিনিটিউবার এর ক্ষেত্রে বীজ প্রত্যয়ন এজেন্সি কর্তৃক অনুমোদিত পত্রই ট্যাগ হিসেবে বিবেচিত হবে।

**সিদ্ধান্ত :** ১) বিশেষজ্ঞ কমিটির সিদ্ধান্ত ও কারিগরি কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে বীজ আলুর শ্রেণি নির্ধারণ বিষয়টি অনুমোদন দেয়া হলো।

২) টিস্যুকালচার ল্যাব প্রতিষ্ঠার গাইডলাইনটি মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগে প্রেরণ করতে হবে।

(৪) **ইনব্রিড দানা ফসল ধান ও গমের মাঠ মূল্যায়নের গাইডলাইন অনুমোদন।**

**আলোচনা :** ইনব্রিড দানা ফসল ধান ও গমের মাঠ মূল্যায়নের গাইডলাইন প্রণয়নের জন্য পরিচালক (গবেষণা), ব্রি-কে আহ্বায়ক ও উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), এসসিএকে সদস্য সচিব করে কারিগরি কমিটি পাঁচ সদস্য বিশিষ্ট বিশেষজ্ঞ একটি কমিটি গঠন করে। কমিটি কয়েকটি সভায় মিলিত হয়ে উক্ত গাইডলাইনের একটি খসড়া প্রণয়ন করে। খসড়াটি কারিগরি কমিটির সভায় যাচাই-বাছাই করা হয় এবং অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডে কারিগরি কমিটি সুপারিশ করেছে।

**সিদ্ধান্ত :** ইনব্রিড দানা ফসল ধান ও গমের মাঠ মূল্যায়নের গাইডলাইনটি মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগে প্রেরণ করতে হবে।

পরিশেষে সভাপতি ধানের জাত উদ্ভাবন এবং গুরুত্বপূর্ণ দুইটি গাইডলাইন প্রণয়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১-০৫-১৮

**মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্**
সিনিয়র সচিব
কৃষি মন্ত্রণালয়

পরিশিষ্ট 'ক'

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ডের ৯৬তম সভায় উপস্থিত বোর্ডের সদস্যদের স্বাক্ষরের তালিকা

**বিষয়** : জাতীয় বীজ বোর্ডের ৯৬তম সভা
**তারিখ** : ৩০-০৫-২০১৮ খ্রি:, সময় : সকাল ১১.০০ টা
**স্থান** : সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়
**সভাপতি** : সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়

| ক্র: নং | বীজ বোর্ডের সদস্যের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | আশ্রাফ উদ্দিন আহমেদ | অতিরিক্ত সচিব (বীজ) কৃষি মন্ত্রণালয় | 01715087540 | [signature] |
| ২ | ড. মো: [illegible] | মহাপরিচালক, বাংলাদেশ [illegible] ইনস্টিটিউট | | |
| ৩ | মো: নাসিরুজ্জামান | চেয়ারম্যান বিএডিসি | | [signature] |
| ৪ | ড: আবুল কালাম আযাদ | মহাপরিচালক বিএআরআই | ০১৭২৭১১০৯২৫ dg.bari@bari.gov.bd. | [signature] |
| ৫ | ড. মো: আমজাদ হোসেন | মহাপরিচালক ও বিএসআরআই | ০১৭১৩০৮২১১২ dg-bsri@bsri.gov.bd. | [signature] |
| ৬ | ড. মো. নজমুল হক | সভাপতি, বাংলাদেশ সোসাইটি ফর সিড টেকনোলজি | 01766808470 nazmul24244@yahoo.com | [signature] ৩০/৫/২০১৮ |
| ৭ | মো: নুরুজ্জামান | বীজ বিশেষজ্ঞ, জাতীয় বীজ বোর্ড প্রাক্তন সদস্য পরিচালক (বীজ) বিএডিসি | ০১৭১১৫৫৮০৫০ nuruzzaman54.bd@gmail.com | [signature] ৩০/৫/১৮ |
| ৮ | ড. [illegible] | মহাপরিচালক, বিনা | ০১৭-১০৪৫৮১১৭ dg@bina.gov.bd | [signature] |
| ৯ | বিধান কুমার ভান্ডার | পরিচালক এস সি এ | ০১৭১৬৮২১৬৬১ bidhansca@yahoo.com | [signature] ৩০/৫/১৮ |
| ১০ | ড. মো: কবির ইকরামুল হক | নির্বাহী চেয়ারম্যান বিএআরসি | 01711466424 | [signature] 30.5.18 |
| ১১ | মোহাম্মদ মহসীন | মহাপরিচালক ডিএই | 01713063569 | [signature] ৩০/৫/১৮ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | ড. মো: [illegible] | মহাপরিচালক, [illegible] | 01712280083 | [signature] |
| ১৩ | মো: [illegible] | পরিচালক [illegible] | 01720379555 | [signature] |
| ১৪ | ড. মো: খায়রুল বাশার | সভাপতি, এ্যানিমেল ব্রিডিং এন্ড জেনেটিক্স সোসাইটি অব বাংলাদেশ। | 01711283982 | [signature] |
| ১৫ | মো: মাহমুদ হোসেন | [illegible] (অতিরিক্ত সচিব) [illegible] | [illegible] | [signature] [illegible] |
| ১৬ | সেলিনা [illegible] | [illegible] | 01726947893 | [signature] ৩০/৫/২০১৮ |
| ১৭ | ড. মো: মনজুরুল আলম | মহাপরিচালক বিএলআরআই | 01707077052 | [signature] ৩০/৫/২০১৮ |
| ১৮ | ড. মো: [illegible] | পরিচালক ([illegible]) [illegible] | 01718630971 | [signature] ৩০.৫.১৮ |
| ১৯ | মো: [illegible] | [illegible] | 01712851812 | [signature] ৩০/৫/১৮ |
| ২০ | | | | |
| ২১ | | | | |
| ২২ | | | | |
| ২৩ | | | | |
| ২৪ | | | | |
| ২৫ | | | | |